

তাৰিখ ... ১১ APR ২০১৬  
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৬

# মুগাত্তর

“এইচএসসি ও সমমানের পৰীক্ষা”  
**বহিকার ১৬৮ অনুপস্থিত**  
**১৪৭৭৫ জন**

## মুগাত্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের পৰীক্ষার চতুর্থ দিন রোববাৰ অতিবাহিত হয়েছে। এদিন সারা দেশে মেট' ১৬৮ জন শিক্ষার্থী বহিকার হয়েছে। ১৪ হাজাৰ ৭৭৫ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল।

এ দিন এইচএসসিতে ইংৰেজি দ্বিতীয় পত্ৰ এবং মান্দাসায় আলিমে পুৱনো সিলেবাসে বাংলা দ্বিতীয় পত্ৰ বিষয়ের পৰীক্ষা ছিল। কাৰিগৰি বোর্ডেৰ অধীনে বিজনেস ইণ্টেলিজেন্স অ্যান্ড কমিউনিকেশন বিষয়ের পৰীক্ষা নেয়া হয়।

এদিন সৰ্বমোট ১১ লাখ ৩ হাজাৰ ৫০৮ জন শিক্ষার্থীৰ পৰীক্ষায় অংশ নেয়াৰ কথা ছিল। কিন্তু অংশ নেয় ১০ লাখ ৮৮ হাজাৰ ৭৩৩ জন। বাকি ১৪ হাজাৰ ৭৭৫ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল।

পৰীক্ষায় অসদুপায় অবলম্বনেৰ দায়ে বহিকার হওয়া শিক্ষার্থীদেৱ মধ্যে ঢাকা বোর্ডে ১১ জন, কুমিল্লা বোর্ডে ২৩, চট্টগ্রামে ১৫, রাজশাহীতে ৮, যশোরে ২০, সিলেট ও দিনাজপুৰে ১ জন কৰে এবং বৱিশাল বোর্ডে ৯ জন বহিকার হয়েছে। মান্দাসা বোর্ডে ১ জন ও কাৰিগৰি বোর্ডে ৩১ জন বহিকৃত হয়। চতুর্থ দিনে কোথাও কোনো শিক্ষক বহিকার হননি।